গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

**বিষয়** : কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মধ্যে উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তা প্রদান কার্যক্রমের আওতায় প্রথমবারের মতো উপবৃত্তির আওতায় আসা শিক্ষার্থীদের তথ্য চূড়ান্তকরণ এবং বিদ্যমান সুবিধাভোগী শিক্ষার্থীর হালনাগাদকৃত তথ্যসহ পে-রোল প্রস্তুতির অনুমোদনের নিমিত্ত কেন্দ্রীয় কমিটির সভার কার্যবিবরণী।

**সভাপতি** : আবুল খায়ের মোঃ আক্কাস আলী, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
**তারিখ ও সময়** : ০৫ জানুয়ারি, ২০২৬ খ্রিষ্টাব্দ, সময়: সকাল ১০:০০ ঘটিকা।
**সভার স্থান** : মহাপরিচালকের সম্মেলন কক্ষ, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

আলোচনার শুরুতে সভার সভাপতি কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক আবুল খায়ের মোঃ আক্কাস আলী [অতিরিক্ত সচিব] উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপবৃত্তি সেলের সংযুক্ত কর্মকর্তা প্রকৌশলী শেখ মোহাম্মদ তরিকুল ইসলাম [অধ্যক্ষ, টি এস সি] সভাকে অবহিত করেন যে, "কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মধ্যে উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তা প্রদান নির্দেশিকা, ২০২৩" অনুযায়ী কারিগরি শিক্ষা অধিদপ্তরের ২৯ অক্টোবর ২০২৫ খ্রি. ও ৩০ নভেম্বর ২০২৫ খ্রি. তারিখের বিজ্ঞপ্তি অনুসারে কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ২০২৫-২৬ অর্থবছরের বরাদ্দ হতে ২০২৫ শিক্ষাবর্ষের প্রি-ভোকেশনাল (৬ষ্ঠ-৮ম শ্রেণি), এসএসসি (ভোকেশনাল) /দাখিল (ভোকেশনাল) (৯ম-১০ম শ্রেণি), এইচএসসি ভোকেশনাল (একাদশ-দ্বাদশ শ্রেণি), এইচএসসি বিএমটি (একাদশ-দ্বাদশ শ্রেণি), চার বছর মেয়াদী ডিপ্লোমা ১ম পর্ব (২০২৫-২৬ শিক্ষাবর্ষ) চার বছর মেয়াদী ডিপ্লোমা ২য় পর্ব (২০২৪-২৫ শিক্ষাবর্ষ), ৪র্থ পর্ব (২০২৩-২৪ শিক্ষাবর্ষ), ৬ষ্ঠ পর্ব (২০২২-২৩ শিক্ষাবর্ষ) এবং ৮ম পর্ব (২০২১-২২ শিক্ষাবর্ষ) এর উপবৃত্তি প্রদানের নিমিত্ত নতুন শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিদ্যমান শিক্ষার্থীদের তথ্য আপডেট করার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোকে নির্দেশনা দেওয়া হয় এবং ১০ নভেম্বর, ২০২৫ খ্রি. তারিখ হতে ১০ ডিসেম্বর, ২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত তথ্য এন্ট্রি ও আপডেটের এবং আঞ্চলিক পরিচালকের কার্যালয় হতে যাচাই বাছাইয়ান্তে DTE Stipend MIS এর মাধ্যমে কারিগরি শিক্ষা অধিদপ্তরে ১৮ ডিসেম্বর,২০২৫ খ্রি. তারিখের মধ্যে তথ্য প্রেরণ করার সময়সীমা নির্ধারণ করা হয়।

**২.০ সুবিধাভোগী নির্বাচন ও তথ্য ব্যবস্থাপনা পদ্ধতি:**

২.১ উপবৃত্তি নির্দেশিকা-২০২৩ অনুযায়ী প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে একটি 'শিক্ষার্থী নির্বাচন কমিটি' গঠন করা হয়েছে। অব্যবহিত পূর্ববর্তী বর্ষ/পর্ব/সর্বশেষ পরীক্ষা/পাবলিক পরীক্ষায় চূড়ান্ত গড়ে ন্যূনতম ৪০% নম্বর অর্জন করে সকল বিষয়ে উত্তীর্ণ, নিয়মিত শিক্ষার্থী হিসেবে কমপক্ষে ৭০% উপস্থিতি রয়েছে, অভিভাবকের মাসিক আয় অনধিক ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা এবং সরকারি অন্য কোনো উপবৃত্তি প্রাপ্ত নয়—এমন শিক্ষার্থীদের নিজ নিজ আবেদনের ভিত্তিতে সর্বোচ্চ শতভাগ শিক্ষার্থীকে উপবৃত্তির জন্য নির্বাচন করা হয়।

২.২ উক্ত 'শিক্ষার্থী নির্বাচন কমিটি'র সুপারিশ অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ নির্বাচিত শিক্ষার্থীদের তথ্য কারিগরি উপবৃত্তি ব্যবস্থাপনা সংক্রান্ত DTE Stipend MIS সফটওয়্যারে প্রযোজ্য ক্ষেত্রে এন্ট্রি ও হালনাগাদ করেন। তথ্য এন্ট্রি ও হালনাগাদ কার্যক্রম শুরুর পূর্বে প্রতিষ্ঠান প্রধানগণ যোগ্য শিক্ষার্থীর তালিকাসহ 'শিক্ষার্থী নির্বাচন কমিটি'র রেজুলেশন আঞ্চলিক কার্যালয়ে দাখিল করেন এবং DTE Stipend MIS সফটওয়্যারে প্রয়োজনীয় তথ্য কনফিগারেশন সম্পন্ন করেন। আঞ্চলিক কার্যালয় ও প্রধান কার্যালয়ের অনুমোদনের পরই উক্ত তথ্য স্থায়ীভাবে সংরক্ষিত হয়।

২.৩ DTE Stipend MIS সফটওয়্যারে বিদ্যমান সুবিধাভোগী শিক্ষার্থী চলতি মেয়াদে উপবৃত্তি প্রাপ্তির জন্য উপযুক্ত হলে সংশ্লিষ্ট শিক্ষার্থীর তথ্য সক্রিয় রাখা হয়; অন্যথায় তা নিষ্ক্রিয় রাখা হয়। কোনো শিক্ষার্থী এক কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান হতে অন্য কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে বদলি/ভর্তি হলে পূর্ববর্তী শিক্ষা প্রতিষ্ঠান DTE Stipend MIS সফটওয়্যারের মাধ্যমে বদলি সম্পন্ন করে বর্তমান শিক্ষা প্রতিষ্ঠানকে অবহিত করে।

২.৪ প্রথমবারের মতো উপবৃত্তির আওতায় অন্তর্ভুক্ত শিক্ষার্থীর তথ্য DTE Stipend MIS সফটওয়্যারে এন্ট্রি করে আঞ্চলিক কার্যালয়ে জমা প্রদান করা হয়। সফটওয়্যারে অনুমোদিত কনফিগারেশনের অতিরিক্ত কোনো শিক্ষার্থী যাতে আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করা না যায়, সে লক্ষ্যে স্বয়ংক্রিয় রেস্ট্রিকশন ব্যবস্থা বিদ্যমান রয়েছে। অতঃপর আঞ্চলিক কার্যালয় তার আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহ হতে প্রাপ্ত শিক্ষার্থীদের তথ্য 'আঞ্চলিক কমিটি' কর্তৃক প্রয়োজনীয় যাচাই-বাছাই সম্পন্ন করে কারিগরি শিক্ষা অধিদপ্তরের প্রধান কার্যালয়ের চূড়ান্ত অনুমোদনের জন্য প্রেরণ করে।

**৩.০ মাঠ পর্যায়ে চ্যালেঞ্জ:**

৩.১ শিক্ষা প্রতিষ্ঠানসমূহ এবং আঞ্চলিক কার্যালয়সমূহ হতে প্রাপ্ত সমস্যাসমূহ পর্যালোচনান্তে উল্লেখযোগ্য বিষয়সমূহ সভায় উপস্থাপিত হয়।

| ক্রমিক | চিহ্নিত সমস্যা | প্রস্তাবিত সমাধান |
|---|---|---|
| ১ | এতিম ও ছিন্নমূল শিক্ষার্থীর পিতা/মাতা'র NID না থাকা এবং পিতা/মাতা মৃত হওয়ায় কারণে NID ভেরিফিকেশন হয় না | পিতা-মাতা'র মধ্যে যেকোন একজন মৃত হলে যাতে NID বাধ্যতামূলক না হয় তার ব্যবস্থা সফটওয়ারে সংযোজন করা; এবং পিতা-মাতা উভয়েই মৃত হলে অভিভাবকের NID ভেরিফিকেশনের ব্যবস্থা চালু করার উদ্যোগ গ্রহণ। |
| ২ | অন্য প্রতিষ্ঠানের শিক্ষার্থীর আইডি ট্রান্সফার জটিলতা | আওতাভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানকে দায়িত্বশীল হওয়ার নির্দেশনা প্রদান এবং আঞ্চলিক কার্যালয়কে বদলির অপশন প্রদান |
| ৩ | DTE Stipend MIS-এ তথ্য কনফিগারেশন করতে না পারা | মাঠপর্যায়ে নিয়মিত প্রশিক্ষণ আয়োজন। উল্লেখ্য, কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.০৩. ০০০০.০১০.২৫.০০৬.২৫-২৮৫, তারিখঃ ২৮/০৭/২০২৫খ্রিঃ মোতাবেক বাজেট স্বল্পতার কারণে ঢাকা অঞ্চল ব্যতীত অন্যান্য আঞ্চলিক কার্যালয় প্রশিক্ষণ আয়োজন করেছে। কার্যক্রম চলমান রয়েছে। এর ধারাবাহিকতায় প্রতিটি অঞ্চলের সরকারি টি এস সি ও পলিটেকনিক মনোটেকনিক ইনস্টিটিউট কর্তৃক অন্যান্য বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের উপবৃত্তি সংক্রান্ত ফোকাল পার্সনদের প্রশিক্ষণ প্রদানও নানা জটিলতায় সম্পন্ন হয়নি। এই প্রশিক্ষণসমূহ দ্রুত সম্পন্ন করার জন্য নির্দেশনা দেওয়া যেতে পারে। |

৩.২ সভায় উপস্থিত সকলে চিহ্নিত সমস্যাসমূহ এবং সম্ভাব্য সমাধানের বিভিন্ন দিক নিয়ে প্রানবন্ত আলোচনান্তে প্রস্তাবিত উপায়ে সমস্যা সমাধানের বিষয়ে একমত হন।

**৪.০ আঞ্চলিক পরিচালকের কার্যালয় কর্তৃক প্রেরিত ১০৪,৩৪৪ (এক লক্ষ চার হাজার তিন শত চুয়াল্লিশ) জন শিক্ষার্থীর তথ্য যাচাই বাছাই, চূড়ান্তকরণ এবং পে-রোল প্রস্তুতির অনুমোদন:**

৪.১ কারিগরি উপবৃত্তি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ নির্ধারিত সময় অনুযায়ী তথ্য এন্ট্রি ও আপডেট সম্পন্ন করে আঞ্চলিক পরিচালকের কার্যালয়ে প্রেরণ করে। প্রথমবারের মতো উপবৃত্তির আওতায় আসা **১০৪,৩৪৪ (এক লক্ষ চার হাজার তিন শত চুয়াল্লিশ)** জন শিক্ষার্থীর তথ্য আঞ্চলিক পরিচালকের কার্যালয়সমূহ শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রাপ্ত তথ্যসমূহ যাচাই-বাছাইপূর্বক কারিগরি শিক্ষা অধিদপ্তরের অনুমোদনের জন্য প্রেরণ করে।

৪.২ আঞ্চলিক পরিচালকের কার্যালয়সমূহ হতে DTE Stipend MIS এর মাধ্যমে প্রাপ্ত তথ্যের সারসংক্ষেপ নিম্নরূপ:

| ক্রম | অঞ্চল | ষষ্ঠ শ্রেণি | সপ্তম শ্রেণি | অষ্টম শ্রেণি | নবম শ্রেণি | দশম শ্রেণি | HSC Voc একাদশ | HSC Voc দ্বাদশ | HSC BMT একাদশ | HSC BMT দ্বাদশ | ডিপ্লোমা ১ম পর্ব | ডিপ্লোমা ২য় পর্ব | ডিপ্লোমা ৪র্থ পর্ব | ডিপ্লোমা ৬ষ্ঠ পর্ব | ডিপ্লোমা ৮ম পর্ব | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | বরিশাল | ১০৯ | ৪২ | ৮০ | ৬৬৮ | ১২১ | ৫৯ | ৮ | ২,৯৫৬ | ৬০৯ | ২,১৯১ | ১০০ | ৪৩ | ২৭ | ২৩ | ৭,০৩৬ |
| ২ | চট্টগ্রাম | ৩৩৭ | ১৪৩ | ১৪১ | ১,৩৫১ | ৩৬৭ | ২২৪ | ১৪ | ১,০৪৪ | ১৫৫ | ৬,৪৭৬ | ২৪৩ | ১৯১ | ৭৪ | ১০০ | ১০,৮৬০ |
| ৩ | ঢাকা | ৫০৩ | ২২৫ | ২৯২ | ২,৪৪৮ | ৪৫০ | ১৯৯ | ২২ | ২,৮৩৫ | ৯৯৯ | ১০,২০৮ | ৫২৪ | ২১৩ | ৮৭ | ৭৯ | ১৯,০৮৪ |
| ৪ | খুলনা | ২০৫ | ৮৮ | ৭৩ | ১,৩৫৪ | ২৫৬ | ১৫২ | ৭ | ৪,৮৯৯ | ১,০৩৫ | ৪,০৭৩ | ১৬১ | ৭৫ | ২১ | ২০ | ১২,৪১৯ |
| ৫ | ময়মনসিংহ | ৯২ | ৪২ | ৬৬ | ১,৩৪৬ | ২১৫ | ৬২ | ১৬ | ৫,২১২ | ১,১৪৪ | ২,১৮৭ | ১৩৯ | ৮৬ | ২৯ | ১৭ | ১০,৬৫৩ |
| ৬ | রাজশাহী | ২৩০ | ১০৪ | ১২০ | ৩,১৩৮ | ৫৩৭ | ৬০ | ১১ | ১১,১০৭ | ২,২২০ | ৭,০৯৯ | ২৪৩ | ১১৪ | ৬৩ | ৮৭ | ২৫,১৩৩ |
| ৭ | রংপুর | ১১৮ | ২৪ | ৪৬ | ৮১২ | ১৩১ | ১৬২ | ৩ | ৭,৯৪৮ | ১,৭৯৮ | ৫,৬৮৯ | ৮২ | ৯৩ | ২৫ | ৩০ | ১৬,৯৬১ |
| ৮ | সিলেট | ১১১ | ৫৮ | ৫৬ | ৫৪৫ | ১২০ | ৩৬ | ২ | ১৩৯ | ৫৭ | ৯০২ | ৮৩ | ৭২ | ৮ | ৯ | ২১৯৮ |
| | **সর্বমোট** | **১৭০৫** | **৭২৬** | **৮৭৪** | **১১,৬৬২** | **২১৯৭** | **৯৫৪** | **৮৩** | **৩৬,১৪০** | **৮,০১৭** | **৩৮,৮২৫** | **১৫৭৫** | **৮৮৭** | **৩৩৪** | **৩৬৫** | **১০৪,৩৪৪** |

৪.৩ DTE Stipend MIS এ বিদ্যমান সুবিধাভোগী শিক্ষার্থীর হালনাগাদকৃত তথ্য এবং প্রথমবারের মতো উপবৃত্তির আওতায় আসা **১০৪,৩৪৪ (এক লক্ষ চার হাজার তিন শত চুয়াল্লিশ)** জন শিক্ষার্থীসহ কারিগরি উপবৃত্তি নির্দেশিকা-২০২৩ এ উল্লেখিত হারে পে-রোল প্রস্তুত করা যায় মর্মে সভার সকলে সম্মত হন।

৫.০ সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ:

**সিদ্ধান্ত-১:** আঞ্চলিক কার্যালয় হতে প্রাপ্ত **১০৪,৩৪৪ (এক লক্ষ চার হাজার তিন শত চুয়াল্লিশ)** জন শিক্ষার্থীর তথ্য অনুমোদন করা হলো।

**সিদ্ধান্ত-২:** কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মধ্যে উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তা প্রদান কার্যক্রমের আওতায় প্রথমবারের মতো উপবৃত্তির আওতায় আসা **১০৪,৩৪৪ (এক লক্ষ চার হাজার তিন শত চুয়াল্লিশ)** জন শিক্ষার্থী এবং বিদ্যমান সুবিধাভোগী শিক্ষার্থীর হালনাগাদকৃত তথ্যসহ পে-রোল প্রস্তুতির (কারিগরি উপবৃত্তি নির্দেশিকা-২০২৩ এ উল্লেখিত হারে) পরবর্তী ব্যবস্থা গ্রহণের অনুমোদন দেওয়া হলো।

**সিদ্ধান্ত-৩:** এতিম ও ছিন্নমূল শিক্ষার্থীদের ক্ষেত্রে পিতা-মাতার মধ্যে যেকোনো একজন মৃত হলে মৃত ব্যক্তির NID প্রদান বাধ্যতামূলক না রাখা এবং পিতা-মাতা উভয়েই মৃত হলে অভিভাবকের NID ভেরিফিকেশনের ব্যবস্থা সফটওয়্যারে সংযোজনের জন্য প্রয়োজনীয় কারিগরি উদ্যোগ গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

**সিদ্ধান্ত-৪:** শিক্ষার্থীর আইডি ট্রান্সফার সংক্রান্ত জটিলতা নিরসনে আওতাভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে অধিক দায়িত্বশীল ভূমিকা পালনের জন্য নির্দেশনা প্রদান এবং আঞ্চলিক কার্যালয়সমূহকে প্রয়োজনীয় ক্ষেত্রে আইডি বদলির (Transfer) অপশন প্রদানের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।

**সিদ্ধান্ত-৫:** DTE Stipend MIS-এ তথ্য কনফিগারেশন সংক্রান্ত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে মাঠপর্যায়ে নিয়মিত প্রশিক্ষণ আয়োজনের বিষয়টি গুরুত্বসহকারে বিবেচনা করা হলো। স্মারক নং-৫৭.০৩.০০০০.০১০.২৫.০০৬.২৫-২৮৫, তারিখঃ ২৮/০৭/২০২৫খ্রি অনুযায়ী চলমান প্রশিক্ষণ কার্যক্রমের ধারাবাহিকতায় প্রতিটি অঞ্চলের সরকারি টিএসসি ও পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট কর্তৃক বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের উপবৃত্তি সংক্রান্ত ফোকাল পার্সনদের প্রশিক্ষণ কার্যক্রম দ্রুত সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

৬.০ সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

| | | | |
|---|---|---|---|
| ০৫/০১/২৬<br>ড. রেজা হাসান মাহমুদ<br>সহকারি পরিচালক-১০<br>কারিগরি শিক্ষা অধিদপ্তর<br>ও সদস্য সচিব, কেন্দ্রীয় কমিটি | ০৫/০১/২৬<br>মোঃ এনায়েত করিম<br>সহকারি পরিচালক -৫<br>কারিগরি শিক্ষা অধিদপ্তর<br>ও সদস্য, কেন্দ্রীয় কমিটি | ০৫.০১.২৬<br>মোঃ মাহবুবুর রহমান<br>সহকারি পরিচালক-১<br>কারিগরি শিক্ষা অধিদপ্তর<br>ও সদস্য, কেন্দ্রীয় কমিটি | ০৫/১/২৫<br>মোহাম্মদ গোলাম মহিউদ্দিন ভূঁইয়া<br>বিশেষজ্ঞ (এসএসসি ভোকেশনাল)<br>বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড<br>ও সদস্য, কেন্দ্রীয় কমিটি |
| ০৫.০১.২০২৬<br>প্রফেসর শ.ম. সাইফুল আলম<br>উপপরিচালক<br>প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট<br>ও সদস্য, কেন্দ্রীয় কমিটি | ০৫/০১/২০২৬<br>প্রকৌ. শেখ মোহাম্মদ তরিকুল ইসলাম<br>সংযুক্ত কর্মকর্তা (অধ্যক্ষ,টিএসসি)<br>কারিগরি শিক্ষা অধিদপ্তর<br>ও সদস্য, কেন্দ্রীয় কমিটি | ০৫.০১.২০২৬<br>মোহাম্মদ মিকাইল<br>উপসচিব<br>কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ<br>ও সদস্য, কেন্দ্রীয় কমিটি | ০৫.০১.২৫<br>প্রকৌশলী মোঃ রেজাউল হক<br>পরিচালক (ভোকেশনাল)<br>কারিগরি শিক্ষা অধিদপ্তর<br>ও সদস্য, কেন্দ্রীয় কমিটি |
| ০৫.০১.২৬<br>প্রকৌ. মোঃ মাকসুদুর রহমান<br>পরিচালক (পিআইইউ),<br>কারিগরি শিক্ষা অধিদপ্তর<br>ও সদস্য, কেন্দ্রীয় কমিটি | ০৫/০১/২০২৬<br>প্রকৌশলী মোঃ জয়নাল আবেদীন<br>পরিচালক (প্রশাসন)<br>কারিগরি শিক্ষা অধিদপ্তর<br>ও সদস্য, কেন্দ্রীয় কমিটি | ০৫.০১.২০২৬<br>ফরিদা ইয়াসমিন<br>পরিচালক (পিআইডব্লিউ)<br>[যুগ্ম সচিব]<br>কারিগরি শিক্ষা অধিদপ্তর<br>ও সদস্য, কেন্দ্রীয় কমিটি | |

০৫.০১.২৬
(আবুল খায়ের মোঃ আক্কাস আলী)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
কারিগরি শিক্ষা অধিদপ্তর
ও সভাপতি, কেন্দ্রীয় কমিটি

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

১। ফরিদা ইয়াসমিন, পরিচালক (পিআইডব্লিউ) [যুগ্মসচিব], কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
২। প্রকৌশলী মোঃ জয়নাল আবেদীন, পরিচালক (প্রশাসন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৩। প্রকৌ. মোঃ মাকসুদুর রহমান, পরিচালক (পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৪। প্রকৌশলী মোঃ রেজাউল হক,পরিচালক (ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর;
৫। জনাব মোহাম্মদ মিকাইল, উপসচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা;
৬। প্রকৌশলী শেখ মোহাম্মদ তরিকুল ইসলাম, সংযুক্ত কর্মকর্তা (উপবৃত্তি সেল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৭। প্রফেসর শ.ম. সাইফুল আলম, উপপরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা;
৮। মোহাম্মদ গোলাম মহিউদ্দিন ভূঁইয়া, বিশেষজ্ঞ (এসএসসি ভোকেশনাল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা;
৯। মোঃ মাহবুবুর রহমান, সহকারি পরিচালক-১, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
১০।মোঃ এনায়েত করিম, সহকারি পরিচালক (ভোকেশনাল-৫), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
১১। ড. রেজা হাসান মাহমুদ, সহকারি পরিচালক-১০, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

নম্বর: ৫৭.০৩.০০০০.০১০.৪০.০০৫.২৫-৩৬০ তারিখ: ০৫ জানুয়ারি, ২০২৬ খ্রি.

**অবগতি/কার্যার্থে অনুলিপি প্রদত্ত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**
১। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা;
২। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা;
৩। প্রোগ্রাম এক্সিকিউটিভ অ্যান্ড কো-অর্ডিনেটর, BACS & iBAS++ স্কিম, আই ই বি ভবন (৫ম তলা), রমনা, ঢাকা;
৪। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৫। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
৬। সংশ্লিষ্ট নথি।

০৫/০১/২০২৬

(প্রকৌশলী শেখ মোহাম্মদ তরিকুল ইসলাম)
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (উপবৃত্তি সেল)
(অধ্যক্ষ, সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ)